# নিজে যাচাই করে লগ্নি

নিজস্ব সংবাদদাতা

যে কারও কথায় চোখ বন্ধ করে ভরসা না করাই ভাল— শেয়ারে লগ্নি সম্পর্কে এই বার্তা উঠে এল। দেশের অন্যতম শেয়ার বাজার বিএসই-র এমডি-সিইও এস সুন্দররামন লগ্নিকারীদের পরামর্শ দিলেন, শেয়ার কিনতে হবে নিজে যাচাই করে। যাচাই করার ক্ষমতা না থাকলে মিউচুয়াল ফান্ডের মাধ্যমে শেয়ারে বিনিয়োগ করতে হবে। প্রধান লক্ষ্য, ফাঁদে পড়া এড়াতে সাবধানে পা ফেলা। তবে কিছুটা হলেও ঝুঁকি বহনের ক্ষমতা থাকা দরকার।

বৃহস্পতিবার ক্যালকাটা চেম্বার অব কমার্স আয়োজিত শেয়ার বাজার নিয়ে ওই আলোচনা সভায় বিএসই কর্তার দাবি, আন্তর্জাতিক আর্থিক ক্ষেত্রের সাম্প্রতিক ঝড় ভারতের শেয়ার বাজারে কিছুটা সমস্যা তৈরি করতে পারে। তবে এ দেশের বিশাল জনসংখ্যার ৬৫ শতাংশই রোজগেরে। নিজস্ব বাজারের চাহিদাও বিশাল। তাই ভারতীয় শেয়ার বাজারের পক্ষে আন্তর্জাতিক সমস্যা কাটিয়ে উঠতে বেগ পেতে হবে না।

শেয়ারে বিনিয়োগের ক্ষেত্রে বিশেষত সাধারণ লগ্নিকারীদের জন্য তাঁর বার্তা, "কোন সংস্থার শেয়ার কেনা উচিত, তা চেনার ক্ষমতা থাকে না অনেকের। তাঁদের একাংশই অন্যের কথা শুনে লগ্নি করেন। আমি বলব অন্যের কথায় নয়, নিজে যাচাই করে শেয়ার বাছা উচিত। ঠিক যেমন বাজারহাটে গিয়ে খুব ভাল করে পরখ করে আলু, বেগুন কিনি আমরা।"